

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০  
কর্মসংস্থান-২ শাখা  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)


নং-৪৯.০০.০০০০.০৪৪.২৯.০২৩.১৮.৩১৪

তারিখঃ ৩০ মে ২০১৮

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের গত ২৯ মে ২০১৮ তারিখের সভার কার্যবিবরণী।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২৯ মে ২০১৮ তারিখের সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ৩ (তিন) পাতা।



(মোহাম্মদ শাহীন)

উপসচিব (কর্মসংস্থান-২)

ফোন: ০২-৯৩৫৬৭৩৫

ইমেইল: [shaheen.moni@gmail.com](mailto:shaheen.moni@gmail.com)

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১ অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (বাজেট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০২ যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩ যুগ্মসচিব/উপসচিব (মিশন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪ উপসচিব (কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫ উপপ্রধান (পরিকল্পনা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় জ্ঞাতার্থে:

- ০১ সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[দু:আ: সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ]।
- ০২ মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এ টু আই কর্মসূচি, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ০৩ মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৪ ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৫ মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৬ ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৭ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮ সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯ সিনিয়র সহকারী সচিব (সমন্বয় শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১০ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা  
(ওয়েব সাইটে প্রকাশ করা সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণের ই-মেইলে প্রেরণ করার অনুরোধসহ)।
- ১১ অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১২ অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০  
কর্মসংস্থান-২ শাখা  
www.probashi.gov.bd

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২৯ মে ২০১৮ তারিখের সভার কার্যবিবরণী।

চেয়ারপার্সন : জনাব মোঃ আমিনুল ইসলাম  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)  
তারিখ : ২৯ মে ২০১৮  
সময় : বেলা ১০:৩০ ঘটিকা  
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

০২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

০৩। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতি চলমান ইনোভেশন কার্যক্রম বিষয়ে আলোকপাত করেন এবং এ কার্যক্রমে এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার বিশেষ ভূমিকার ওপর গুরুত্বারোপ করেন। অতঃপর ইনোভেশন টিমের সদস্যসচিব-কে কার্যপত্র অনুসারে সভার কার্যক্রম শুরু করার আহবান জানান। সদস্যসচিব শুরুর গতে গত ১৩ মে ২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত উদ্ভাবনী কার্যক্রমের ৪র্থ রাউন্ড পর্যালোচনা সভার গুরুত্বপূর্ণ বিষয়সমূহ সকলকে অবহিত করেন। এছাড়া, বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৭-১৮ এর বিষয়বস্তু এবং ইনোভেশন টিমের বিগত সভার সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করা হয়।


০৪। সভার আলোচনায় সকলের অংশগ্রহণে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশ গ্রহণ করা হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	পূর্ববর্তী সভার সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৪.১	উদ্ভাবনী কার্যক্রম বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৭-১৮ বাস্তবায়ন	উদ্ভাবনী বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৭-১৮ এর অবশিষ্ট কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়ন এবং পরবর্তী বছরের জন্য কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে এ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তা এবং সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। মন্ত্রণালয়, বিএমইটি, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল ও প্রবাসী কল্যাণ ব্যাংক-এর চলতি বছরের কর্মপরিকল্পনার বিষয়সমূহ পৃথক পৃথকভাবে আলোচনা করা হয়। স্ব স্ব প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট প্রতিনিধিবৃন্দ সভাকে অবহিত করেন যে, কর্মপরিকল্পনা অনুসারে বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক এবং জুন/২০১৮ এর মধ্যে তা শতভাগ বাস্তবায়ন হবে।	উদ্ভাবনী বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৭-১৮ এর অবশিষ্ট কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা, বিএমইটি, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল এবং প্রবাসী কল্যাণ ব্যাংক-কে বিশেষভাবে অনুরোধ করা হয়।
৪.২	ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন।	ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিএমইটি, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল এবং প্রবাসী কল্যাণ ব্যাংক এর প্রতিনিধিবৃন্দ সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে এ বিষয়ে স্ব স্ব প্রতিষ্ঠানের সভা হয়েছে এবং দ্রুত বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-১৯	বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়নপূর্বক আগামী ১০ জুন ২০১৮ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্যে বিএমইটি, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল এবং প্রবাসী কল্যাণ

		প্রণয়ন করা হবে। কর্মপরিকল্পনাটি দ্রুত চূড়ান্ত করে আগামী ১০ জুনের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।	ব্যাংক-কে অনুরোধ করা হয়।
৪.৩	বিএমইটির নিজস্ব আর্কাইভ সংরক্ষণ	উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুসারে আর্কাইভ সংরক্ষণের কার্যক্রমটি বাস্তবায়নের বিষয়ে বিএমইটি প্রতিনিধি সভাকে জানান যে, আগামী ১৫ জুনের মধ্যে তা সম্পন্ন হবে বলে আশা করা যায়।	আগামী ১৫ জুনের মধ্যে আর্কাইভ সংরক্ষণের কার্যক্রমটি বাস্তবায়নের জন্যে বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৪.৪	উদ্ভাবন সহায়ক সক্ষমতা বৃদ্ধি	উদ্ভাবন সহায়ক সক্ষমতা বৃদ্ধির বিষয়ে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, কার্যক্রমটি চলমান রয়েছে এবং তা বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে অনুসন্ধানী পরিদর্শন করা হচ্ছে। মাঠ পর্যায়ে প্রাপ্ত অভিজ্ঞতার ভিত্তিতে পরবর্তীতে চাহিদাভিত্তিক উদ্ভাবনী কার্যক্রম গ্রহণ করা হবে।	উদ্ভাবন সহায়ক সক্ষমতা বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও তা নির্ধারিত সময়ে বাস্তবায়নের জন্যে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড-কে অনুরোধ করা হয়।
৪.৫	১। বোয়েসেলের দাপ্তরিক কাজসমূহ সহজে করার জন্য HRM Software তৈরী করণ। ২। মোবাইল এ্যাপস তৈরীকরণ।	০১। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল HRM Software এর কাজটি develop করেছে। যথাসময়ে HRM Software প্রস্তুত এবং মোবাইল এ্যাপস প্রস্তুতের কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে বলে বোয়েসেল প্রতিনিধি সভাকে অবহিত করেন। প্রস্তুতকৃত HRM Software ও এ্যাপস-এর ফলপ্রসূতা ও এর কার্যকর ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় মনিটরিং এর ব্যবস্থা করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	১। HRM Software এবং মোবাইল এ্যাপস প্রস্তুতের কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হওয়ায় বোয়েসেলকে ধন্যবাদ জানানো হয়। ২। প্রস্তুতকৃত HRM Software ও এ্যাপস-এর ফলপ্রসূতা ও এর কার্যকর ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় মনিটরিং এর ব্যবস্থা করার জন্যে বোয়েসেলকে অনুরোধ করা হয়।
৪.৬	অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা	সভায় এ মন্ত্রণালয়ের সহকারি প্রোগ্রামার জানান যে, মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পত্রের আলোকে Software টি National Data Center-এ Host করার লক্ষ্যে Contract sign এবং এ বিষয়ে ফলোআপসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং আগামী দুই সপ্তাহের মধ্যে কার্যক্রমটি সম্পন্ন হবে বলে আশা করা যায়।	Software টি National Data Center-এ Host করার লক্ষ্যে Contract sign এবং এ বিষয়ে ফলোআপসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হয়।
৪.৭	বিবিধ	০১। আগামী ৬-১০ জুন ২০১৮ তারিখে এ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের অংশগ্রহণে বোয়েসেল-এর সম্মেলন কক্ষে ০৫ (পাঁচ) দিন ব্যাপী উদ্ভাবনী প্রশিক্ষণ কর্মশালাটি আয়োজনের ব্যবস্থা করা হয়েছে বলে সদস্য-সচিব সভাকে অবহিত করেন। কর্মশালাটি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রদানের জন্যে অনুরোধ করেন। ০২। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে মন্ত্রণালয়সহ এর আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েব পোর্টালের ইনোভেশন কর্নার হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ০৩। ই-সার্ভিস রোড ম্যাপ ২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং বিএমইটি, ওয়েজ	০১। আগামী ৬-১০ জুন ২০১৮ তারিখে অনুষ্ঠেয় ০৫ (পাঁচ) দিন ব্যাপী উদ্ভাবনী প্রশিক্ষণ কর্মশালাটি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত বিএমইটি, ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল ও প্রবাসী কল্যাণ ব্যাংক এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রদানের জন্যে অনুরোধ করা হয়। ০২। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে মন্ত্রণালয়সহ এর আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েব পোর্টালের ইনোভেশন কর্নার হালনাগাদ করার বিষয়ে বিএমইটি, ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ড,

		আর্নাস কল্যাণ বোর্ড, বোয়েসেল ও প্রবাসী কল্যাণ ব্যাংক এর প্রতিনিধিবৃন্দকে এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ ও কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	বোয়েসেল ও প্রবাসী কল্যাণ ব্যাংক-কে অনুরোধ করা হয়।  ০৩। ই-সার্ভিস রোড ম্যাপ ২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ ও কার্যক্রম গ্রহণের জন্য বিএমইটি, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, বোয়েসেল ও প্রবাসী কল্যাণ ব্যাংক-কে অনুরোধ করা হয়।
--	--	--	---

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমিনুল ইসলাম

সভার সভাপতি ও চিফ ইনোভেশন অফিসার

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়